

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়  
স্বাস্থ্য সেবা বিভাগ  
প্রশাসন-১ অধিশাখা  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।  
[www.hsd.gov.bd](http://www.hsd.gov.bd)



স্মারক নং -৪৫.০১.০০০০.১৪০.১১.০১০.১৯(অংশ-৩)- ২৭০

তারিখঃ ০১ ফেব্রুয়ারি ২০২১ খ্রিস্টাব্দ  
১৮ মাঘ ১৪২৭ বঙ্গাব্দ

বিষয়ঃ স্বাস্থ্য সেবা বিভাগের অধীন ২৫০ শয্যা বিশিষ্ট বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেছা মুজিব জেনারেল হাসপাতাল, সিরাজগঞ্জ কার্যালয়ে  
আউটসোর্সিং এর মাধ্যমে জনবল নিয়োগের প্রশাসনিক অনুমোদন প্রদান প্রসঙ্গে


সূত্রঃ (১) স্বাস্থ্য সেবা বিভাগের স্মারক নং- ৪৫.০১.০০০০.১৪০.১১.০০২.১৮-৪৯৩, তারিখঃ ২৪/০৩/২০২০ খ্রিঃ

(২) ২৫০ শয্যা বিশিষ্ট বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেছা মুজিব জেনারেল হাসপাতাল, সিরাজগঞ্জ কার্যালয়ের স্মারক নং- জেনাঃহাসঃ/সিরাজ/২০২০/১৮৯০, তারিখঃ ২২/১০/২০২০ খ্রিঃ

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, ২৫০ শয্যা বিশিষ্ট বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেছা মুজিব জেনারেল হাসপাতাল, সিরাজগঞ্জ কার্যালয়ে ১নং সূত্রোক্ত স্মারকে ২০১৯-২০২০, ২০২০-২০২১ ও ২০২১-২০২২ অর্থ বছরের জন্য ৩৪ জন সেবা কর্মীর সেবা ক্রয়ের প্রশাসনিক অনুমোদন প্রদান করা হয়। কিন্তু ২০২০-২০২১ অর্থ বছরে অনুমোদিত ৩৪ জন সেবা কর্মীর পরিবর্তে ৩৮ জন সেবা কর্মীর সেবা ক্রয়ের জন্য দরপত্র আহ্বান করা হয়েছে মর্মে ২নং সূত্রোক্ত স্মারকে অবহিত করা হয়েছে।

২। এমতাবস্থায়, ২০২০-২০২১ অর্থ বছরের জন্য ৩৪ জন সেবা কর্মীর সেবা ক্রয়ের অনুমোদন থাকা সত্ত্বেও ৩৮ জন সেবা কর্মীর সেবা ক্রয়ের জন্য বিধি বহির্ভূতভাবে ঠিকাদার নিযুক্তির দরপত্র আহ্বানের বিষয়ে ব্যাখ্যা প্রদানের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হল। সেই সঞ্চে উক্ত কার্যালয়ে ২০২০-২০২১ অর্থ বছরে ৩৮ জন সেবা কর্মী সরবরাহের দরপত্র বাতিল করে পুনরায় অনুমোদিত ৩৪ জন সেবা কর্মীর সেবা ক্রয়ের লক্ষ্যে দরপত্র আহ্বানের জন্য অনুরোধ করা হল।

সংযুক্তিঃ বর্ণনামতে

  
০১/০২/২০২১  
(জাকিয়া পারভীন)  
উপসচিব  
ফোনঃ ৯৫৭৭৯৮৫  
admin1@hsd.gov.bd

তত্ত্বাবধায়ক,  
২৫০ শয্যা বিশিষ্ট বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেছা মুজিব জেনারেল হাসপাতাল  
সিরাজগঞ্জ

অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। সিনিয়র সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা [দৃঃ আঃ যুগ্মসচিব (ব্যয় ব্যবস্থাপনা-৬)]
- ২। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা [দৃষ্টি আকর্ষণঃ পরিচালক (প্রশাসন)]
- ৩। যুগ্মসচিব (বাজেট-১/২), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
- ৪। সচিবের একান্ত সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
- ৫। সিভিল সার্জন, সিরাজগঞ্জ
- ৬। চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, হিসাব ভবন, সেগুনবাগিচা, ঢাকা
- ৭। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
- ৮। জেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, সিরাজগঞ্জ
- ৯। অতিরিক্ত সচিব (প্রশাসন) এর ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
- ১০। যুগ্মসচিব (প্রশাসন) এর ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়  
স্বাস্থ্য সেবা বিভাগ  
প্রশাসন-১ অধিশাখা  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।  
[www.hsd.gov.bd](http://www.hsd.gov.bd)



স্মারক নং -৪৫.১৪০.০১৫.০০.০০.০০১.২০০৭ (অংশ-২)- ৩৭২

তারিখঃ ০১ ফেব্রুয়ারি ২০২১ খ্রিস্টাব্দ  
১৮ মাঘ ১৪২৭ বঙ্গাব্দ

বিষয়ঃ স্বাস্থ্য সেবা বিভাগের অধীন স্বাস্থ্য অর্থনীতি ইউনিট, তোপখানা রোড, ঢাকা কার্যালয়ে আউটসোর্সিং এর মাধ্যমে জনবল নিয়োগের  
প্রশাসনিক অনুমোদন প্রদান প্রসঙ্গে

সূত্রঃ (১) স্বাস্থ্য অর্থনীতি ইউনিটের স্মারক নং- ৪৫.০৫.০০০০.০০৫.৩৯.০০২.১৯-১১৫৭, তারিখঃ ৩০/১২/২০২০ খ্রিঃ

(২) অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ, বাজেট অনুবিভাগ-১, শাখা-৪ এর স্মারক নং- অম/অবি/বা-৪/৫-২৭০৩(৫)/২০০৫/১২৩, তারিখঃ ০৮/০৩/২০১১ খ্রিঃ

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, স্বাস্থ্য অর্থনীতি ইউনিট, তোপখানা রোড, ঢাকা কার্যালয়ের ৪র্থ শ্রেণির রাজস্বখাতভুক্ত সুইপারের মৃত্যুজনিত কারণে ০১টি পদ শূন্য হয়েছে। উক্ত কার্যালয়ের জন্য রাজস্বখাতে পদসৃজনের শর্তানুসারে “রাজস্বখাতে স্থানান্তরিত এমএলএসএস এর ৫টি এবং সুইপার এর ১টি পদ রাজস্বখাতে স্থানান্তরের পর পদধারীদের মৃত্যু, অবসর, চাকুরিচ্যুতি বা অন্য কোন কারণে পদ শূন্য হলে উক্ত শূন্য পদ সরকার কর্তৃক প্রণীত আউটসোর্সিং নীতিমালা অনুসরণে পূরণ করতে হবে” (কপি সংযুক্ত)। সে অনুযায়ী ১নং সূত্রোক্ত স্মারকে উক্ত কার্যালয়ের সুইপারের ০১টি শূন্য পদ আউটসোর্সিং এ মাধ্যমে পূরণের জন্য অনুরোধ জানানো হয়েছে।

২। এমতাবস্থায়, স্বাস্থ্য অর্থনীতি ইউনিট, তোপখানা রোড, ঢাকা কার্যালয়ের ৪র্থ শ্রেণির রাজস্বখাতভুক্ত সুইপারের ০১টি পদ আউটসোর্সিং প্রক্রিয়ায় সেবা গ্রহণ নীতিমালা-২০১৮ অনুযায়ী পূরণের বিষয়ে সম্মতি প্রদানের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হল।

সংযুক্তিঃ বর্ণনামতে

০১/০২/২০২১  
(জাকিয়া পারভীন)

উপসচিব

ফোনঃ ৯৫৭৭৯৮৫

admin1@hsd.gov.bd

সিনিয়র সচিব

অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়

বাংলাদেশ সচিবালয়, ঢাকা

[দৃষ্টি আকর্ষণঃ অতিরিক্ত সচিব (ব্যয় ব্যবস্থাপনা)]

অনুলিপিঃ

- ১। মহাপরিচালক, স্বাস্থ্য অর্থনীতি ইউনিট, আনসারী ভবন (৪র্থ তলা), ১৪/২ তোপখানা রোড, ঢাকা।
- ২। সচিবের একান্ত সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৩। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৪। অতিরিক্ত সচিব (প্রশাসন) এর ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৫। যুগ্মসচিব (প্রশাসন) এর ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়  
স্বাস্থ্য সেবা বিভাগ  
প্রশাসন-১ শাখা  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।  
[www.hsd.gov.bd](http://www.hsd.gov.bd)



নং- ৪৫.০১.০০০০.১৪০.০৮.০০১.১৯- ০৭৬

তারিখঃ ০১ ফেব্রুয়ারি ২০২১ খ্রিস্টাব্দ  
১৮ মাঘ ১৪২৭ বঙ্গাব্দ

প্রজ্ঞাপন

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের স্বাস্থ্য সেবা বিভাগের অধীনস্থ স্বাস্থ্য অধিদপ্তরধীন স্বাস্থ্য শিক্ষা ব্যুরোর সিনিয়র স্বাস্থ্য শিক্ষা কর্মকর্তা মরহুম মোঃ মঞ্জুর হাসান তালুকদার গত ২১/১০/২০২০ খ্রি. তারিখে চাকুরিরত অবস্থায় মৃত্যুবরণ করায় তার অনুকূলে ছুটি পাওনা সাপেক্ষে ১৮ মাসের মূল বেতনের সমপরিমাণ অর্থ লাম্পসুমারি হিসেবে মঞ্জুর করা হলো।

২। জনস্বার্থে জারিকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

প্রাঃ

(জাকিয়া পারভীন)

উপসচিব

ফোনঃ ৯৫৭৭৯৮৫

[admin1@hsd.gov.bd](mailto:admin1@hsd.gov.bd)

নং- ৪৫.০১.০০০০.১৪০.০৮.০০১.১৯- ০৭৬/২ (০২)

তারিখঃ ২৮ জানুয়ারি ২০২১ খ্রিস্টাব্দ  
১৪ মাঘ ১৪২৭ বঙ্গাব্দ

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা [দৃষ্টি আকর্ষণঃ পরিচালক (প্রশাসন)]
- ২। সচিবের একান্ত সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
- ৩। সিভিল সার্জন, টাঙ্গাইল (তাকে মরহুমের অনুকূলে মঞ্জুরিকৃত লাম্পসুমারি অর্থ উত্তোলন করে উত্তরাধিকারীকে প্রদানের বিষয়ে প্রয়োজনীয় সহযোগিতা প্রদানের জন্য অনুরোধ করা হলো)
- ৪। চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, হিসাব ভবন, সেগুনবাগিচা, ঢাকা
- ৫। উপ-পরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা (গেজেটে প্রকাশের অনুরোধসহ)
- ৬। প্রধান, স্বাস্থ্য শিক্ষা ব্যুরো, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা
- ৭। জেলা হিসাবরক্ষণ কর্মকর্তা, টাঙ্গাইল
- ৮। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
- ৯। অতিরিক্ত সচিব (প্রশাসন) এর ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ১০। যুগ্মসচিব (প্রশাসন) এর ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ১১। বেগম সাফিয়া রহমান (লাভলী) (মরহুম মোঃ মঞ্জুর হাসান তালুকদার, প্রাক্তন সিনিয়র স্বাস্থ্য শিক্ষা কর্মকর্তা, সিভিল সার্জন অফিস, টাঙ্গাইল এর স্ত্রী), গ্রাম ও ডাকঘর- রামপুর, উপজেলাঃ কালিহাতী, জেলাঃ টাঙ্গাইল।

২৮/০২/২০২১

০২/০২/২০২১

(জাকিয়া পারভীন)

উপসচিব